# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় : নবীজী ও তাঁর সাহাবীগণের হজ-উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ইয়াউমুন-নহর তথা ১০ তারিখের ভাষণ

৯৯- জাবের রা. বলেন, ‘কুরবানীর দিন আমাদের উদ্দেশ্যে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাষণ দিলেন। তিনি বললেন,

- «أَيُّ يَوْمٍ أَعْظَمُ حُرْمَةً ؟» فَقَالُوْا : يَوْمُنَا هَذَا

‘সম্মানের দিক থেকে কোন দিনটি সবচে’ বড় ? তারা বললেন, আমাদের এই দিনটা।

- قَالَ : «أَيُّ شَهْرٍ أَعْظَمُ حُرْمَةً ؟» قالوا : شَهْرُنَا هَذَا

‘তিনি বললেন, কোন মাস সম্মানের দিক থেকে সবচে’ বড় ? তারা বললেন, আমাদের এই মাস।

- قَالَ : «أَيُّ بَلَدٍ أَعْظَمُ حُرْمَةً ؟» فَقَالُوْا : بَلَدُنَا هَذَا

‘তিনি বললেন, কোন শহর সম্মানের দিক থেকে সবচে’ বড় ? তারা বললেন, আমাদের এই শহর।’

- قَالَ : «فَإِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالَكُمْ عَلَيْكُمْ حَرَامٌ كَحُرْمَةِ يَوْمِكُمْ هَذَا فِيْ بَلَدِكُمْ هَذَا فِيْ شَهْرِكُمْ هَذَا»

‘তিনি বললেন। নিশ্চয় তোমাদের রক্ত ও তোমাদের সম্পদ আজকের এই দিন, এই শহর, এই মাসের ন্যায় সম্মানিত।’

- « هَلْ بَلَّغْتُ ؟ » قَالُوْا : نَعَمْ . قَالَ : «اَللَّهُمَّ اشْهَدْ».

‘আমি কি পৌঁছাতে পেরেছি? তারা বললেন, হ্যাঁ। তিনি বললেন, হে আল্লাহ আপনি সাক্ষী থাকুন।’[1]

ফুটনোট

[1]. মুসনাদে আহমদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7373

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন